

**২০২০**  
**বাংলা**  
**(প্রোগ্রাম)**  
**(আবশ্যিক) AECC(MIL)**  
**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্রূম)**  
**প্রথম সেমেষ্টার**  
**কোর্স কোড : BNGP-AECC(MIL)**  
**( নতুন কোর্স )**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রাত্তিক সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। নিচের রচনাংশটি পড়ে যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

$$2 \times 5 = 10$$

চিন্তাশক্তি এবং কল্পনাশক্তি জীবনযাত্রা নির্বাহের পক্ষে দুইটি অত্যাবশ্যিক শক্তি, তাহাতে আর সন্দেহ নাই। অর্থাৎ যদি মানুষের মতো মানুষ হইতে হয় তবে ঐ দুটা পদার্থ জীবন হইতে বাদ দিলে চলে না। অতএব বাল্যকাল হইতে চিন্তা ও কল্পনার চর্চা না করিলে কাজের সময় যে তাহাকে হাতে কাছে পাওয়া যাইবে না, এ কথা অতি পুরাতন।

কিন্তু আমাদের বর্তমান শিক্ষায় সে পথ একপ্রকার রুদ্ধ। আমাদিগকে বহুকাল পর্যন্ত শুন্দর ভাষাশিক্ষায় ব্যাপ্ত থাকিতে হয়। পূর্বেই

বলিয়াছি, ইংরেজি এতই বিদেশীয় ভাষা এবং আমাদের শিক্ষকেরা সাধারণত এত অল্পশিক্ষিত যে, ভাষার সঙ্গে সঙ্গে ভাব আমাদের মনে সহজে প্রবেশ করিতে পারে না। এইজন্য ইংরেজি ভাবের সহিত কিয়ৎপরিমাণে পরিচয় লাভ করিতে আমাদিগকে দীর্ঘকাল অপেক্ষা করিতে হয় এবং ততক্ষণ আমাদের চিন্তাশক্তি নিজের উপর্যুক্ত কোনো কাজ না পাইয়া নিতান্ত নিশ্চেষ্টভাবে থাকে। এন্টেপ এবং ফাস্ট আর্টস পর্যন্ত কেবল চলনসহ রকমের ইংরেজি শিখিতেই যায়; তার পরেই সহসা বি.এ. ক্লাসে বড়ো বড়ো পুঁথি এবং গুরুতর চিন্তাসাধ্য প্রসঙ্গ আমাদের সম্মুখে ধরিয়া দেওয়া হয় - তখন সেগুলো ভালো করিয়া আয়ত্ত করিবার সময়ও নাই শক্তিও নাই - সবগুলো মিলাইয়া এক-একটা বড়ো বড়ো তাল পাকাইয়া একেবারে এক-এক গ্রাসে গিলিয়া ফেলিতে হয়।

যেমন যেমন পড়িতেছি অমনি সঙ্গে সঙ্গে ভাবিতেছি না, ইহার অর্থ এই যে স্তুপ উঁচা করিতেছি কিন্তু সঙ্গে সঙ্গে নির্মাণ করিতেছি না। ইট সুরকি কড়ি বরগা বালি চুন যখন পর্বতপ্রমাণ উচ্চ হইয়া উঠিয়াছে এমন সময় বিশ্ববিদ্যালয় হইতে ঘুরুম আসিল একটা তেতোলার ছাদ প্রস্তুত করো। অমনি আমরা সেই উপকরণ স্তুপের শিখরে ঢাকিয়া দুই বৎসর ধরিয়া পিটাইয়া তাহার উপরিভাগ কোনোমতে সমতল করিয়া দিলাম, কতকটা ছাদের মতো দেখিতে হইল। কিন্তু ইহাকে কি অট্টালিকা বলে? ইহার মধ্যে বায় এবং আলোক প্রবেশ করিবার কি কোনো পথ আছে? ইহার মধ্যে মনুষ্যের চিরজীবনের বাসযোগ্য কি কোনো আশ্রয় আছে? ইহা কি আমাদিগকে বহিঃসংসারের প্রথর উত্তপ্ত এবং অনাবরণ হইতে রীতিমত রক্ষা করিতে পারে? ইহার মধ্যে কি কোনো একটা শৃঙ্খলা সৌন্দর্য এবং সুযমা দেখিতে পাওয়া যায়?

মাল-মসলা যাহা জড়ে হইতেছে তাহা প্রচুর তাহার আর সন্দেহ নাই, মানসিক অট্টালিকা নির্মাণের উপযুক্ত এত ইঁট-পাটকেল পূর্বে আমাদের আয়ত্তের মধ্যে ছিল না। কিন্তু সংগ্রহ করিতে শিখিলেই যে নির্মাণ করিতে শেখা হইল ধরিয়া লওয়া হয়, সেইটেই একটা মন্ত ভুল। সংগ্রহ এবং নির্মাণ যখন একই সঙ্গে অঙ্গে অঙ্গে অগ্রসর হইতে থাকে তখনই কাজটা পাকা রকমের হয়।

- ক) প্রাবন্ধিকের মতে জীবন চালনার জন্য দুটি অত্যাবশ্যক শক্তি কী কী?
  - খ) ‘অতি পুরাতন’ কথাটি কী?
  - গ) আমাদের মনে ভাষার সঙ্গে ভাব প্রবেশের বাধা কোথায়?
  - ঘ) আমাদের চিন্তাশক্তির নিশ্চেষ্টভাবে থাকার কারণ কী?
  - ঙ) ‘এক-এক গ্রামে গিলিয়া ফেলিতে হয়’ — কোন্ প্রসঙ্গে এই মন্তব্য?
  - চ) ‘স্তপ উঁচা করিতেছি কিন্তু সঙ্গে সঙ্গে নির্মাণ করিতেছি না’ — এ কথার তাৎপর্য কী?
  - ছ) প্রাবন্ধিক কোন্ প্রসঙ্গে অট্টালিকার কথা বলেছেন?
  - জ) শিক্ষা প্রসঙ্গে সংগ্রহ আর নির্মাণের মধ্যে পার্থক্য কী?
- ২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$
- ক) ‘আমার প্রাণের মাঝে কে আসিবি আয় তোরা।’ — কবির কেন এই আহ্বান?
  - খ) ‘কালাপাহাড়’ গঞ্জে বর্ণিত কালাপাহাড় ও কুস্তকর্ণের চেহারার বর্ণনা দাও।

- গ) পরিভাষা লেখো (যে কোনো পাঁচটি) :
  - Act, Bail, Capital, Landscape, Receipt, Schedule caste, Taxable, Vacancy
  - ঘ) কর্তৃপক্ষের কাছে আবেদনপত্র রচনার জন্য কোন্ কোন্ নিয়মবিধি মানা প্রয়োজন তা সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$
- ক) ‘খোকাবাবুর প্রত্যাবর্তন’ গল্প অবলম্বনে খোকাবাবুর প্রত্যাবর্তনের কাহিনিটি নিজের ভাষায় লেখো।
  - খ) ‘শিকল পরার গান’ - কবিতাটির মধ্যে কবির দেশাভ্যোধের যে পরিচয় পাওয়া যায় তা বর্ণনা করো।
  - গ) করোনা নিয়ন্ত্রণে দুরত্ব বিধি না মানা ও মান্দ ব্যবহার নিয়ে মানুষের উদাসীনতা - এই বিষয়ে উপযুক্ত শিরোনাম সহ একটি প্রতিবেদন রচনা করো।
  - ঘ) মহাবিদ্যালয় প্রদত্ত তোমার পরিচয়পত্রটি হারিয়ে গেছে, নতুন একটি পরিচয়পত্র পাওয়ার জন্য অধিক্ষ মহাশয়ের কাছে একটি আবেদনপত্র লেখো।
-